


যুগান্তর

সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ নেবে ইবি

প্রকাশ : ২৬ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ইবি প্রতিনিধি

সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশ নেবে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ১১৬তম একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এসএম আবদুল লতিফ। একই সাথে বাতিল হওয়া সাক্ষ্যকালীন কোর্স আগামী জুলাই থেকে আবারও চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. রাশিদ আসকারীর সভাপতিত্বে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সভাকক্ষে একাডেমিক কাউন্সিলের সভা শুরু হয়।

বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. রাশিদ আসকারী বলেন, ‘রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়সমূহে সমন্বিত ভর্তি পরীক্ষার আহ্বান জানিয়েছেন। তার আহ্বানে আমরা সাড়া দিয়েছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।